# ইসলামিক ফাউন্ডেশন

## ইসলামিক মিশন

### ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
Email: ifamission@yahoo.com

১৯৮৩ সালে দুঃস্থ মানবতার সেবা, দারিদ্র্য দূরীকরণ, আর্থিক স্বচ্ছলতা অর্জন, নিরক্ষরতা দূর করা এবং সমাজে ইসলামী মূল্যবোধ প্রতিষ্ঠার লক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে ইসলামিক মিশন বিভাগের যাত্রা শুরু হয়। এ লক্ষ্য পূরণের অংশ হিসেবে জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে ইসলামের শান্তির বার্তা প্রচার ও প্রসারের উদ্দেশ্যে দেশের প্রত্যন্ত অঞ্চলে প্রথম পর্যায়ে ১১টি মিশন কেন্দ্র স্থাপন করা হয়।

ক্রমবর্ধমান প্রয়োজনে বর্তমানে ৩৫টি জেলায় মোট ৫৬টি মিশন কেন্দ্র পরিচালিত হচ্ছে। এর পাশাপাশি মানবসেবার এক উজ্জ্বল দৃষ্টান্ত হিসেবে ইসলামিক মিশন পরিচালিত ৩টি হাসপাতাল এবং একটি আধুনিক ডায়াগনস্টিক সেন্টার রয়েছে। এর মধ্যে ময়মনসিংহ জেলার সদর উপজেলার সিরতা ও মাদারীপুর জেলার কালকিনি উপজেলায় ৫০ শয্যার দুইটি হাসপাতাল এবং ঝালকাঠি জেলার রাজাপুর উপজেলায় ৩১ শয্যার একটি হাসপাতাল অন্তর্ভুক্ত। এসব কেন্দ্র ও হাসপাতাল ইসলামী শিক্ষা, মানবসেবা এবং উন্নয়নের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে।

**ইসলামিক মিশনের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনে গৃহীত কার্যক্রমঃ**

ইসলামিক মিশন সমাজের সার্বিক উন্নয়ন এবং ইসলামী মূল্যবোধ প্রতিষ্ঠার লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছে। এই কার্যক্রমগুলো হলো:

- চিকিৎসা সেবা:
  - স্বল্পমূল্যে প্রান্তিক জনগোষ্ঠীর জন্য এলোপ্যাথিক চিকিৎসা সেবা ও ঔষধ প্রদান।
  - বিভিন্ন ধরনের প্যাথলজিক্যাল পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে রোগ নিরূপণ।
  - স্বল্পমূল্যে হোমিওপ্যাথিক চিকিৎসা সেবা ও ঔষধ প্রদান।
- শিক্ষা ও সাংস্কৃতিক কার্যক্রম:
  - মসজিদভিত্তিক মক্তবের মাধ্যমে কোমলমতি শিশুদের ইসলামী শিক্ষা প্রদান।
  - স্কুল ও মাদ্রাসাভিত্তিক ইসলামিক সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন।
  - জাতীয় ও ধর্মীয় দিবস উদযাপন।
- দারিদ্র্য বিমোচন:
  - দরিদ্র জনগোষ্ঠীর আর্থিক সচ্ছলতা অর্জনে সুদমুক্ত ঋণ প্রদান।
  - যাকাত বোর্ডের অর্থায়নে সেলাই প্রশিক্ষণ প্রদান এবং সেলাই মেশিন বিতরণ।
- সচেতনতামূলক কার্যক্রম:
  - সমাজে ইসলামী মূল্যবোধ প্রতিষ্ঠা এবং ইসলামের শান্তির বাণী প্রচার।
  - সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধে জনগণকে সচেতন করতে বিভিন্ন অনুষ্ঠান আয়োজন।
  - জাতীয় পুষ্টি কর্মপরিকল্পনা (২০১৬-২০২৫) বাস্তবায়নে বিভিন্ন অনুষ্ঠান পরিচালনা।
  - বিভিন্ন বিষয়ে উদ্বুদ্ধকরণমূলক অনুষ্ঠান আয়োজন।
  - বিভিন্ন দুর্যোগে ও জাতীয় সমাবেশে চিকিৎসা টিম প্রেরণ।

**ইসলামিক মিশনের অর্জন (১৯৮৩ - জুন ২০২৪)**

১. চিকিৎসাসেবা প্রদান:

- এলোপ্যাথিক চিকিৎসার মাধ্যমে সারা দেশে ২ কোটি ৮৯ লক্ষ ৮০ হাজার ৩৫৬ জন রোগী সেবা পেয়েছেন এবং ঔষধ গ্রহণ করেছেন।
- হোমিওপ্যাথিক চিকিৎসার মাধ্যমে ৭৬ লক্ষ ৬৮ হাজার ৭২০ জন রোগী সেবা পেয়েছেন।
- ৩ লক্ষ ৭ হাজার ২৯৩ জন রোগীর প্যাথলজিক্যাল পরীক্ষা সম্পন্ন হয়েছে।

২. শিক্ষা কার্যক্রম:

- ৫৬টি ইসলামিক মিশনের অধীনে ৫১১টি মক্তবের মাধ্যমে ৪ লক্ষ ৮৫ হাজার ৭০৭ জন শিশুকে শিক্ষার আলোয় আলোকিত করা হয়েছে।
- মক্তবের মাধ্যমে ২ লক্ষ ৩৮ হাজার ৯৬৮ জন নামাজ শিক্ষা এবং ২ লক্ষ ৩৬ হাজার ৫১৭ জন কুরআন শিক্ষা লাভ করেছে।
- ১৭ হাজার ২৮০টি শিক্ষা প্রতিষ্ঠানভিত্তিক (স্কুল, মক্তব) সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়েছে।

৩. কর্জে হাসানা প্রদান:

- প্রত্যন্ত অঞ্চলের অতি দরিদ্র বেকার জনসাধারণদের স্বাবলম্বী করে তোলার মহৎ উদ্দেশ্য নিয়ে ১৯৮৩ সাল থেকে এই কার্যক্রম শুরু করে।

৪. সুদমুক্ত ক্ষুদ্রঋণ প্রদান:

- ২০১৭-১৮ অর্থবছরে কর্জে হাসানার পরিবর্তে "সুদমুক্ত ক্ষুদ্রঋণ প্রদান" কর্মসূচীর মাধ্যমে ১২৪ জন বেকার যুবককে স্বাবলম্বী করতে ১৮ লক্ষ ৩১ হাজার টাকা সুদমুক্ত ঋণ প্রদান করা হয়েছে।

৫. পরিবেশ সুরক্ষা:

- প্রায় ৪২ হাজার ২৮৩টি বৃক্ষ রোপণের মাধ্যমে বৃক্ষরোপণ কার্যক্রম বাস্তবায়িত হয়েছে।

৬. জাতীয় ও ধর্মীয় দিবস উদযাপন:

- ৩১ হাজার ৭৬৮ টি জাতীয় ও ধর্মীয় দিবস উদযাপনের মাধ্যমে জাতীয় ঐতিহ্য ও ধর্মীয় মূল্যবোধ জাগ্রত করা হয়েছে।

৭. সন্ত্রাস ও সামাজিক সমস্যা প্রতিরোধে সচেতনতামূলক উদ্যোগ:

- ১ হাজার ৭৮৫টি অনুষ্ঠান সন্ত্রাস, জঙ্গিবাদ, বাল্যবিবাহ, নারী নির্যাতন ও যৌতুক প্রতিরোধে ভূমিকা রেখেছে।

৮. তাফসির মাহফিল ও উদ্বুদ্ধকরণ:

- ৩ হাজার ৯৭৩টি তাফসির মাহফিল ও বিভিন্ন বিষয়ে উদ্বুদ্ধকরণ কার্যক্রমের মাধ্যমে ৬৬ হাজার ৪০৫ জনকে কুরআনের শিক্ষা, নির্দেশনা এবং মনোবল বৃদ্ধি করা হয়েছে।

৯. পুষ্টি কার্যক্রম:

- নিরাপদ পানি ও শিশুর পুষ্টি বিষয়ে ৩৬৮টি অনুষ্ঠান পরিচালনার মাধ্যমে সচেতনতা বৃদ্ধি করেছে।

ইসলামিক মিশন বিভিন্ন ধরনের সেবামূলক কার্যক্রমের মাধ্যমে প্রান্তিক জনসাধারনের তথা দেশের আর্থসামাজিক উন্নয়নে অনন্য ভূমিকা রেখে চলেছে।

২০/৩/২৫

মোঃ মোখলেছুর রহমান
সহকারী পরিচালক
ইসলামিক মিশন
ইসলামিক ফাউন্ডেশন

# ইসলামিক মিশন
## ইসলামিক ফাউন্ডেশন
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

# বিভাগ ভিত্তিক মিশন কেন্দ্রসমূহ

| ক্রমিক নং | ঢাকা বিভাগ | মিশন নং |
|---|---|---|
| ১. | ইসলামিক মিশন সোনারগাঁও, নারায়ণগঞ্জ | ১ |
| ২. | ইসলামিক মিশন পাগলা, ফতুল্লা ,নারায়নগঞ্জ | ২ |
| ৩. | ইসলামিক মিশন শ্রীপুর, গাজীপুর | ৩ |
| ৪. | ইসলামিক মিশন কালিগঞ্জ, গাজীপুর | ৪ |
| ৫. | ইসলামিক মিশন ইটনা, কিশোরগঞ্জ | ৫ |
| ৬. | ইসলামিক মিশন বোয়ালমারী, ফরিদপুর | ৬ |
| ৭. | ইসলামিক মিশন কারারগাতি, গোপালগঞ্জ | ৭ |
| ৮. | ইসলামিক মিশন কালকিনি, মাদারীপুর | ৮ |
| | **খুলনা বিভাগ** | |
| ১. | ইসলামিক মিশন মধুপুর সদর, কুষ্টিয়া | ৯ |
| ২. | ইসলামিক মিশন বাঘারপাড়া, যশোর | ১০ |
| ৩. | ইসলামিক মিশন ঘূণী, যশোর | ১১ |
| ৪. | ইসলামিক মিশন শ্যামনগর, সাতক্ষীরা | ১২ |
| ৫. | ইসলামিক মিশন হাটবাড়িয়া, নড়াইল | ১৩ |
| | **রাজশাহী বিভাগ** | |
| ১. | ইসলামিক মিশন কাহালু, বগুড়া | ১৪ |
| ২. | ইসলামিক মিশন পলশা, চাঁপাইনবাবগঞ্জ | ১৫ |
| | **সিলেট বিভাগ** | |
| ১. | ইসলামিক মিশন শমসেরনগর, মৌলভীবাজার | ১৬ |
| ২. | ইসলামিক মিশন চুনারুঘাট, হবিগঞ্জ | ১৭ |
| | **ময়মনসিংহ বিভাগ** | |
| ১. | ইসলামিক মিশন ধোবাউড়া, ময়মনসিংহ | ১৮ |
| ২. | ইসলামিক মিশন হালুয়াঘাট, ময়মনসিংহ | ১৯ |
| ৩. | ইসলামিক মিশন বকশিগঞ্জ, জামালপুর | ২০ |
| ৪. | ইসলামিক মিশন মালঞ্চ, জামালপুর | ২১ |
| ৫. | ইসলামিক মিশন নালিতাবাড়ি, শেরপুর | ২২ |

| ক্রমিক নং | চট্টগ্রাম বিভাগ | মিশন নং |
|---|---|---|
| ১. | ইসলামিক মিশন চাটখিল, নোয়াখালী | ২৩ |
| ২. | ইসলামিক মিশন ফরিদগঞ্জ, চাঁদপুর | ২৪ |
| ৩. | ইসলামিক মিশন বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া | ২৫ |
| ৪. | ইসলামিক মিশন নানিয়ারচর, রাঙ্গামাটি | ২৬ |
| ৫. | ইসলামিক মিশন চন্দ্রঘোনা, রাঙ্গামাটি | ২৭ |
| ৬. | ইসলামিক মিশন বিলাইছড়ি, রাঙ্গামাটি | ২৮ |
| ৭. | ইসলামিক মিশন কাপ্তাই, রাঙ্গমাটি | ২৯ |
| ৮. | ইসলামিক মিশন রাঙ্গামাটি সদর, রাঙ্গামাটি | ৩০ |
| ৯. | ইসলামিক মিশন গুইমারা, খাগড়াছড়ি | ৩১ |
| ১০. | ইসলামিক মিশন দিঘীণালা, খাগড়াছড়ি | ৩২ |
| ১১. | ইসলামিক মিশন মাটিরাঙ্গা, খাগড়াছড়ি | ৩৩ |
| ১২. | ইসলামিক মিশন খাগড়াছড়ি সদর, খাগড়াছড়ি | ৩৪ |
| ১৩. | ইসলামিক মিশন লক্ষীছড়ি, খাগড়াছড়ি | ৩৫ |
| ১৪. | ইসলামিক মিশন মানিকছড়ি, খাগড়াছড়ি | ৩৬ |
| ১৫. | ইসলামিক মিশন মহালছড়ি, খাগড়াছড়ি | ৩৭ |
| ১৬. | ইসলামিক মিশন লামা, বান্দরবান | ৩৮ |
| ১৭. | ইসলামিক মিশন নাইক্ষ্যংছড়ি, বান্দরবান | ৩৯ |
| ১৮. | ইসলামিক মিশন বান্দরবান সদর, বান্দরবান | ৪০ |
| ১৯. | ইসলামিক মিশন রুমা, বান্দরবান | ৪১ |
| | **রংপুর বিভাগ** | |
| ১. | ইসলামিক মিশন বিরামপুর, দিনাজপুর | ৪২ |
| ২. | ইসলামিক মিশন পার্বতীপুর, দিনাজপুর | ৪৩ |
| ৩. | ইসলামিক মিশন খেদাবাগ, লালমনিরহাট | ৪৪ |
| ৪. | ইসলামিক মিশন জলঢাকা, নীলফামারী | ৪৫ |
| ৫. | ইসলামিক মিশন বিরল, দিনাজপুর | ৪৬ |
| ৬. | ইসলামিক মিশন উলিপুর, কুড়িগ্রাম | ৪৭ |
| ৭. | ইসলামিক মিশন আটোয়ারী, পঞ্চগড় | ৪৮ |

| ক্রমিক নং | বরিশাল বিভাগ | মিশন নং |
|---|---|---|
| ১. | ইসলামিক মিশন ছোটবিঘাই, পটুয়াখালী | ৪৯ |
| ২. | ইসলামিক মিশন গৌরনদী, বরিশাল | ৫০ |
| ৩. | ইসলামিক মিশন কালুপুর, ভোলা | ৫১ |
| ৪. | ইসলামিক মিশন আমতলী, বরগুনা | ৫২ |
| ৫. | ইসলামিক মিশন রাজাপুর, ঝালকাঠী | ৫৩ |
| ৬. | ইসলামিক মিশন ইন্দুরকানী, পিরোজপুর | ৫৪ |
| ৭. | ইসলামিক মিশন উজিরপুর, বরিশাল | ৫৫ |
| ৮. | ইসলামিক মিশন বোরহা উদ্দিন, ভোলা | ৫৬ |
| | **ইসলামিক মিশন হাসপাতাল** | |
| ১. | ইসলামিক মিশন সিরতা, ময়মনসিংহ | ১ |
| ২. | ইসলামিক মিশন কালকিনি, মাদারীপুর | ২ |
| ৩. | ইসলামিক মিশন হাসপাতাল, রাজাপুর, ঝালকাঠি | ৩ |
| | **ইসলামিক মিশন ডায়াগনস্টিক সেন্টার** | |
| ১. | ইসলামিক মিশন ডায়াগনস্টিক এন্ড কনসালটেশন সেন্টার, বায়তুল মোকাররম, ঢাকা | ১ |
| | **অন্যান্য** | |
| ১. | যাকাত বোর্ড শিশু হাসপাতাল, টংগী, গাজীপুর | ১ |

মোঃ মোখলেছুর রহমান
সহকারী পরিচালক
ইসলামিক মিশন
ইসলামিক ফাউন্ডেশন